"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.techedu.gov.bd

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৬৩.২৩.০১৩.১৭ - ১২৭ তারিখঃ ০৩ জুন , ২০১৮খ্রিঃ।

বিষয় : ০৫ জুন, ২০১৮ বিশ্ব পরিবেশ দিবস উদযাপন।

সূত্র : (১) শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৩.২৩.০০৩.১৭-৩০৬, তারিখ : ৩১ মে, ২০১৮খ্রি:।
(২) পরিবেশ ও বন মন্ত্রণালয়ের স্মারক নং-অ.স.পত্র নং-পবম/পরিকবশ-৩/৬/বিপদি/২০১৮(৩)/১১৪, তারিখ :২০/০৫/২০১৮খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকে ০৫জুন, ২০১৮ বিশ্ব পরিবেশ দিবস উদযাপনের লক্ষ্যে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ হতে প্রাপ্ত পত্রের ছায়ালিপি এতদসংগে প্রেরণ করা হলো। প্রেরিত পত্রের মর্মানুযায়ী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে অধিদপ্তরকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনা মোতাবেক।

০৩/০৬/২০১৮
(ফকির মোহাম্মদ আব্দুল মান্নান)
সহকারী পরিচালক

বিতরণ :

১-৫ । অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ/সিলেট ইঞ্জিনিয়ারিং কলেজ/ময়মনসিংহ ইঞ্জিনিয়ারিং কলেজ/ফরিদপুর ইঞ্জিনিয়ারিং কলেজ/বরিশাল ইঞ্জিনিয়ারিং কলেজ ।

৬-৫৫ । অধ্যক্ষ, .....সকল.................. পলিটেকনিক ইনস্টিটিউট/বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্লাস এন্ড সিরামিক/গ্রাফিক আর্টস ইনস্টিটিউট/ বাংলাদেশ সার্ভে ইনস্টিটিউট/ফেনী কম্পিউটার ইনস্টিটিউট, ফেনী/ ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট, বগুড়া।

৫৬-১১৯ । অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, .........সকল.................................

১২০-১২৩ । আঞ্চলিক পরিদর্শক, আঞ্চলিক পরিদর্শকের কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/ খুলনা।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে।

১-৫ । পরিচালক (পিআইডব্লিউ/প্রশাসন/পরিঃ ও উন্নঃ/ভোকেশনাল/পিআইইউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

৬ । সৈয়দ আসগর আলী, সহকারী সচিব (সমন্বয়), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ শিক্ষা মন্ত্রণালয়।

৭ । ভারপ্রাপ্ত কর্মকর্তা, ICT সেল (পত্রখানা জরুরী ভিত্তিতে ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

৮ । প্রশাসনিক কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।

০৯ । মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১০ । নথি।

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
(সমন্বয় শাখা)
www.tmed.gov.bd

স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৩.২৩.০০৩.১৭-৩০৬

তারিখ: ১৭ জ্যৈষ্ঠ ১৪২৫ বঙ্গাব্দ / ৩১ মে ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়: ০৫ জুন ২০১৮ তারিখ বিশ্ব পরিবেশ দিবস উদ্‌যাপন।

সূত্র: পরিবেশ ও বন মন্ত্রণালয়ের অ.স.পত্র নং-পবম/পরিবেশ-৩/৬/বিপদি/২০১৮(৩)/১১৪, তারিখ: ২০/০৫/২০১৮ খ্রি:।

উপর্যুক্ত বিষয়ে পরিবেশ ও বন মন্ত্রণালয় হতে সূত্রস্থ স্মারকে প্রাপ্ত আধা-সরকারী পত্রের ছায়ালিপি এতদসঙ্গে প্রেরণ করা হলো। প্রেরিত পত্রের মর্মানুযায়ী ছাত্র সমাজকে পরিবেশ সংরক্ষণের গুরুত্ব উপলব্ধি, সচেতন, সম্পৃক্ত এবং ভবিষ্যৎ প্রজন্মের জন্য দূষণমুক্ত ও বাসযোগ্য পরিবেশ নিশ্চিত করার প্রয়াসে আগামী ০৫ জুন ২০১৮ তারিখ বিভিন্ন অনুষ্ঠান আয়োজনের মাধ্যমে বিশ্ব পরিবেশ দিবস ২০১৮ উদযাপন নিশ্চিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তাঁর অধিক্ষেত্রাধীন সকল সকল শিক্ষা প্রতিষ্ঠানকে যথাযথ নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

সংযুক্ত: বর্ণনামতে।

(সৈয়দ আসগর আলী)
সহকারী সচিব (সমন্বয়)
মোবা: ০১৯১৮১৭৪৬১১
dstmed17@gmail.com

বিতরণ সদয় কার্যার্থে:

১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, ৩৭/৩/এ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
৩। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
৪। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ২নং অরফানেজ রোড, বকশীবাজার, ঢাকা।

অনুলিপি সদয় অবগতির জন্য:

১) সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩) সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, কারিগরি মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫) অতিরিক্ত সচিব (প্রশাসন ও উন্নয়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬) যুগ্মসচিব (প্রশাসন-১),এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৭) যুগ্মসচিব (প্রশাসন-২),এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৮) অফিস কপি।

সচিব
পরিবেশ ও বন মন্ত্রণালয়
ঢাকা

আ. স. পত্র নং ঃ ২২.০০.০০০০.০৭৪.১৮.০০৯.১৮-১১৪      তারিখ ঃ 20-05-2018

প্রিয় সচিব মহোদয়,

আপনি নিশ্চয়ই অবগত আছেন, ১৯৭২ সালে সুইডেনের স্টকহোমে অনুষ্ঠিত মানব পরিবেশ সম্মেলনে জাতিসংঘ পরিবেশ কর্মসূচি [illegible] করা হয়। একই বছর জাতিসংঘ সাধারণ পরিষদের ২৭তম অধিবেশনের প্লেনারি সেশনে বিশ্বের জনসাধারণকে [illegible] পরিবেশ ব্যবস্থাপনা সম্পর্কে সচেতন করার উদ্দেশ্যে প্রতি বছর ৫ জুন বিশ্ব পরিবেশ দিবস পালনের সিদ্ধান্ত গৃহীত হয়। পরিবেশ সংরক্ষণের জন্য জনসচেতনতা ও দায়িত্বশীলতা সৃষ্টির লক্ষ্যে বিশ্বের অন্যান্য দেশের সাথে বাংলাদেশও যথাযোগ্য মর্যাদায় আগামী ৫ জুন বিশ্ব পরিবেশ দিবস পালন করবে। দিবসটি উদযাপনে পরিবেশ ও বন মন্ত্রণালয় এবং পরিবেশ অধিদপ্তর বিস্তারিত কর্মসূচি গ্রহণ করেছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ***মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা*** বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে বিশ্ব পরিবেশ দিবস ২০১৮-এর অনুষ্ঠানমালার শুভ উদ্বোধন এবং জাতীয় পরিবেশ পদক ২০১৮ প্রদান করতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। জাতীয় কর্মসূচির সাথে মিল রেখে পরিবেশ সংরক্ষণে সকলের অংশগ্রহণ এবং জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে দেশের সকল বিভাগ, জেলা, উপজেলা ও স্থানীয় পর্যায়েও বিশ্ব পরিবেশ দিবস উদযাপিত হবে।

UN Environment কর্তৃক নির্ধারিত এ বছরের বিশ্ব পরিবেশ দিবসের প্রতিপাদ্য হল Beat Plastic Pollution যার ভাবানুবাদ করা হয়েছে **আসুন প্লাস্টিক দূষণ বন্ধ করি** এবং স্লোগান হল If you can't reuse it, refuse it যার ভাবানুবাদ করা হয়েছে **প্লাস্টিক পুনঃব্যবহার করি, না পারলে বর্জন করি**। এই প্রতিপাদ্য ও স্লোগানের মাধ্যমে প্লাস্টিক দূষণের বিষয়ে সংশ্লিষ্ট সরকারি কর্তৃপক্ষ, বেসরকারি প্রতিষ্ঠান এবং জনগণকে সচেতন করা হয়েছে এবং পরিবেশ ও জনস্বাস্থ্য সংরক্ষণ ও মানোন্নয়নের স্বার্থে প্লাস্টিক দূষণ নিয়ন্ত্রণে যথাযথ পদক্ষেপ গ্রহণের জন্য গুরুত্বারোপ করা হয়েছে। পৃথিবীর নগরসভ্যতা বিকাশের সাথে নগরজীবনের অনুষঙ্গ হিসেবে প্লাস্টিক সামগ্রী (প্লাস্টিক/পলিথিন ব্যাগ, প্লাস্টিক মোড়ক ও অন্যান্য প্লাস্টিক পণ্য) ব্যবহারের মাত্রা বেড়েছে বহুগুণে। তুলনামূলক স্বল্প মূল্য, সহজলভ্যতা ও ব্যবহারিক উপযোগিতা থাকায় গত কয়েক দশকে প্লাস্টিক সামগ্রীর ব্যবহার ব্যাপক বৃদ্ধি পেয়েছে। UN Environment-এর এক তথ্যে দেখা যায়, বিশ্বে প্রতিবছর ৮০ লক্ষ টনের অধিক প্লাস্টিক সামগ্রী সমুদ্রে নিপতিত হয় অর্থাৎ প্রতি মিনিটে এক ট্রাক প্লাস্টিক আবর্জনা সমুদ্রে স্থান পাচ্ছে। সে হিসেবে বিশ্বে মোট প্লাস্টিক সামগ্রী উৎপাদনের পরিমাণ আরো অনেক বেশী। প্লাস্টিক সামগ্রীর একটি বড় ক্ষতিকর দিক হলো এগুলো সাধারণতঃ প্রাকৃতিকভাবে ক্ষয়প্রাপ্ত হয় না এবং বছরের পর বছর প্রাকৃতিক পরিবেশে (সমতল ভূমি, পাহাড়, জলাভূমি, সমুদ্র, ইত্যাদি) অবস্থান করে বিভিন্নভাবে মানুষ, প্রাণি, উদ্ভিদ, অনুজীব ও সার্বিকভাবে জীববৈচিত্র্য ও প্রতিবেশের ক্ষতিসাধন করে। এছাড়া ক্ষুদ্র প্লাস্টিক কণা বা মাইক্রোবিড/ন্যানো প্লাস্টিক খাদ্য চক্রে প্রবেশ করায় সরাসরি মানুষের স্বাস্থ্য ঝুঁকি বাড়ছে। এ প্রেক্ষাপটে প্রতি বছরের মতো এবারেও যথাযথ গুরুত্বের সাথে এ দিবসটি পালনের জন্য দেশব্যাপি বিস্তারিত কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

অন্যান্য দেশের মত বাংলাদেশেও প্লাস্টিক সামগ্রীর ব্যাপক ব্যবহার হচ্ছে। বাংলাদেশে পলিথিন বা পলিপ্রপাইলিন শপিং ব্যাগের উৎপাদন, আমদানি, বাণিজ্যিক উদ্দেশে মওজুত, বিপণন ও ব্যবহার বিশেষ কয়েকটি ক্ষেত্র ব্যতিত বন্ধ করা হয়েছে। বর্তমানে দেশে পাট তন্তু থেকে প্রাপ্ত সেলুলোজ প্রক্রিয়াকরণের মাধ্যমে জৈব পচনশীল পলিব্যাগ ও মোড়ক প্রস্তুত করা সম্ভব হয়েছে। বেশ কয়েকটি দেশে উদ্ভাবিত জৈব পচনশীল পলিব্যাগ ও মোড়ক আন্তর্জাতিক বাজারে ক্রমশঃ সহজলভ্য হওয়ায় সরকার এ ধরনের বায়ো-ব্যাগ ও বায়ো-প্যাকেজিং শিল্পকে উৎসাহ প্রদানের উদ্যোগ গ্রহণ করেছে। এছাড়া National 3R (Reduce, Reuse and Recycle) Strategy বাস্তবায়নের অংশ হিসাবে প্লাস্টিক ও পলিথিনজাত বর্জ্যের সার্বিক ব্যবস্থাপনা উন্নতকরণের প্রচেষ্টা গ্রহণ করা হয়েছে। পরিবেশ ও প্রতিবেশ সংরক্ষণ এবং টেকসই উন্নয়নে দেশের সকল মানুষের সম্পৃক্ততা, সচেতনতা বৃদ্ধি এবং দায়িত্বশীলতা সৃষ্টির মাধ্যমে একটি সুন্দর ও সমৃদ্ধ দেশ গঠন আমাদের সকলের লক্ষ্য ও কামনা। এ বছরের প্রতিপাদ্য ও স্লোগানের আলোকে দেশের সকল মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে বিশ্ব পরিবেশ দিবস ২০১৮ উদযাপিত হলে জ্ঞানচর্চা, গবেষণা ও দেশের পরিবেশ সংরক্ষণে আমাদের নতুন প্রজন্ম বিশেষভাবে অনুপ্রাণিত হবে বলে আমার দৃঢ় বিশ্বাস।

পরিবেশ অধিদপ্তরের আর্থিক সহযোগিতা, সম্পৃক্ততা ও কারিগরি সহায়তায় দেশের সকল জেলার ২টি সরকারি (১টি বালক ও ১টি বালিকা) বিদ্যালয়সহ ঢাকা মহানগরীর নির্বাচিত ১০০টি সরকারি ও বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় এবং মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে (মোট ২২৮টি) বিশ্ব পরিবেশ দিবস ২০১৮ উদযাপন করা হবে। আর্থিক বিষয়ে পরিবেশ অধিদপ্তর তথা সরকারের সীমাবদ্ধতা বিবেচনায় বিপুল জনগোষ্ঠী ও ছাত্র সমাজকে পরিবেশ সংরক্ষণের গুরুত্ব উপলব্ধি, আরো সচেতন, সম্পৃক্ত এবং ভবিষ্যত প্রজন্মের জন্য দূষণমুক্ত ও বাসযোগ্য পরিবেশ নিশ্চিত করার মানসে দেশের সকল মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে বিশ্ব পরিবেশ দিবস ২০১৮ উদযাপনে বিভিন্ন অনুষ্ঠান আয়োজনের নির্দেশনা প্রদানে আপনার সহৃদয় সহযোগিতা কামনা করছি।

শুভেচ্ছান্তে,

আন্তরিকভাবে আপনার

(আবদুল্লাহ আল মোহসীন চৌধুরী)
ভারপ্রাপ্ত সচিব

জনাব মোঃ আলমগীর
সচিব

যুগ্মসচিব (প্রশাসন)-এর দপ্তর
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
ডায়েরী নং ১৪৯৪ তারিখ ২৩/৫/১৮
উপসচিব (প্রশাসন ও অর্থ)
উপসচিব (অডিট ও আইন)
সহকারী সচিব (প্রশাসন ও অর্থ)
সহকারী সচিব (অডিট ও আইন)